# স্বাগতম



## শিক্ষক পরিচিতিঃ

নামঃ মোহাম্মদ সাহাব উদ্দিন আহমেদ

পদবীঃ সহকারী অধ্যাপক

বিভাগঃ ইতিহাস



কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজ,কুমিল্লা।

## পাঠ পরিচিতিঃ

শ্রেনীঃ একাদশ (২০১৯---২০২০)

বিষয়ঃ ইতিহাস,২য় পত্র।

(আধুনিক বিশ্বের ইতিহাস)

সময়ঃ ৪৫ মিনিট কক্ষঃ ২০৫

# বেনিতো মুসোলীনি




LUCE

পাঠ শিরোণামঃ

ফ্যাসীবাদ কি? ইতালীতে ফ্যাসীবাদ ও বেনিতো মুসোলিনীর উত্থানের কারন।

এই পাঠ শেষ শিক্ষার্থীরাঃ

০১। মুসোলিনীর পরিচয় বলবে।

০২। ফ্যাসীবাদ সম্পর্কে ব্যাখ্যা দিবে।

০৩। ইতালিতে ফ্যাসীবাদের উত্থানের কারণ ব্যাখ্যা করবে।

## ফ্যাসীবাদ কি?

ফ্যাসীবাদ এমন এক সর্বাত্মকবাদী মতবাদ যার মূলমন্ত্র হল রাষ্ট্রই সকল ক্ষমতার আধার। Fascism শব্দটি Fascio শব্দ থেকে এসেছে যার অর্থ "বল বা শক্তি"। ১ম বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে ইতালিতে এক বিশেষ হতাশাজনক আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে মুসোলিনীর নেতৃত্বে ফ্যাসিস্ট দলের উদ্ভব ঘটে। যার লক্ষ্য হচ্ছে শক্তি প্রয়োগের মাধ্যমে রাষ্ট্রীয় ক্ষমতা দখল করা। এবং ইতালির ঐতিহ্য পুনরুদ্ধার,আক্রমনাত্মক পররাষ্ট্রনীতি অনুসরণ করে রাষ্ট্রীয় মর্যাদা বৃদ্ধি করা।

## মুসোলিনীর সংক্ষিপ্ত পরিচয়ঃ

১৮৮৩ সালে, ইতালির রোমানিয়া প্রদেশে,শ্রমিক পরিবারে জন্ম গ্রহন করেন।শিক্ষা জীবন শেষে স্কুল শিক্ষক হিসেবে কর্মজীবন শুরু। সামরিক প্রশিক্ষন এড়াতে সুইজারল্যান্ডে পলায়ন করেন। দেশে ফিরে এসে সমাজতন্ত্রী দলে যোগদান করলেও প্রকৃত পক্ষে তিনি সমাজতন্ত্রী কিংবা গনতন্ত্রী কোনটাই ছিলেন না। প্রথম বিশ্বযুদ্ধের পর মুসোলিনী ফ্যাসিস্ট দল গঠন করে উগ্রপন্থায় যাত্রা শুরু করেন। ১৯২২ সালে ইতালির রাজা ভিক্টর ইমানুয়েল মুসোলিনীকে প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ দিতে বাধ্য হন। এর মাধ্যমে ইতালিতে শুরু হয় এক সর্বাত্নকবাদী ফ্যাসীবাদী শাসন। ১৯৪৩ সালে মুসোলিনী ক্ষমতাচ্যূত হন। ১৯৪৫ সালে পলায়নের সময় তিনি ফ্যাসীবাদ বিরোধী প্রতিরোধ কমিটির হাতে নিহত হন।

## মুসোলিনীর/ফ্যাসীবাদের উত্থানের কারনঃ

০১। প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী ইতালির অর্থনৈতিক দূরাবস্থা ও অরাজকতার সৃষ্টি।

০২। গনতন্ত্রের দূর্বলতা/প্রকৃত গনতন্ত্রের অভাব।

০৩। উত্তর ইতালি ও দক্ষিন ইতালির মধ্যে বিভিন্নক্ষেত্রে বৈষম্য।

০৪। বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে প্রচন্ড মতবিরোধিতা জনগনকে হতাশায় নিমজ্জিত করে।

০৫। ভূমধ্য সাগরের উপর ইতালির কোন নিয়ন্ত্রন না থাকা।

০৬। প্যারিস শান্তি সম্মলনে ইতালির দাবী না মানা।

০৭। সমাজতন্ত্রভীতি মুসোলিনী/ফ্যাসীবাদের উত্থানের আরেকটি কারন।

০৮। উদারপন্থী সরকারের নতজানু পররাষ্ট্র নীতি।

একক কাজঃ

প্রত্যেক শিক্ষার্থী নিজ নিজ খাতায় ফ্যাসীবাদ উত্থানের দুটি করে কারণ লিখবে

## মূল্যায়নঃ


০১। ফ্যাসিস্ট দল কে গঠন করেন?

০২। মুসোলিনী কত সালে প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ পান?

০৩। ফ্যাসীবাদের মূল লক্ষ্য কি ছিল?

## বাড়ীর কাজঃ

০১।মুসোলিনীর উত্থানের কারণ গুলো আলোচনা কর -৫পোতা লিখে আনবে।



# THANKS

